



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
কেন্দ্রীয় হিসাব বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

হিসাব পরিপত্র- ০১/২০২৪

তারিখঃ ৩০ জানুয়ারি ২০২৪

বিষয়ঃ ব্যাংকের তহবিল ব্যবস্থাপনা নীতিমালা।

শীর্ষক বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র ব্যাংকের তহবিল ব্যবস্থাপনা অধিকতর দক্ষতার সাথে পরিচালন করার লক্ষ্যে গত ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির '২০৩' তম সভার অনুমোদনক্রমে এ ব্যাংকের জন্য নিম্নোক্ত তহবিল ব্যবস্থাপনা নীতিমালা আংশিক সংশোধন ও সংযোজন পূর্বক জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে। এতৎসংক্রান্ত বিষয়ে অত্র বিভাগের বিগত ০১ ডিসেম্বর ২০২০ তারিখে জারীকৃত হিসাব পরিপত্র নম্বর-৮/২০২০ বাতিল করা হলো।

১। নীতিমালার নাম – “তহবিল ব্যবস্থাপনা নীতিমালা।”

২। ব্যাংকের উদ্বৃত্ত তহবিল FDR হিসেবে অন্য ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানে জমা রাখার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশিকা অনুসরণীয় হবে-

ক) FDR রাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের Credit Rating এর মান বিবেচনা করা।

খ) FDR রাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের CAMELS Rating এর মান বিবেচনা করা যা নিম্নরূপ-

১. সন্তোষজনক মানকে অগ্রাধিকার দেয়া।
২. মোটামোটি মানও বিশেষ ক্ষেত্রে বিবেচনা করা।
৩. সরকারি ব্যাংকের ক্ষেত্রে প্রান্তিক মানকেও বিবেচনায় দেয়া

গ) ব্যাংক ব্যতিত অন্য কোন NBFIs এ FDR না রাখা।

ঘ) কোন বেসরকারি ব্যাংক/ সরকারি আর্থিক প্রতিষ্ঠানে ২০.০০ (বিশ) কোটি টাকার বেশি FDR না রাখা।

ঙ) সর্বোচ্চঃ ০১ (এক) বছর মেয়াদের জন্য FDR রাখা। এ ক্ষেত্রে কম মেয়াদের (যেমন-০১ মাস/০৩ মাস/০৬ মাস) জন্য FDR রাখার বিষয়টি অগ্রাধিকার দেয়া।

চ) সংশ্লিষ্ট ব্যাংক/ সরকারি আর্থিক প্রতিষ্ঠানের সর্বশেষ প্রকাশিত বার্ষিক রিপোর্ট/ নিরীক্ষিত হিসাব বিবরণী বিশ্লেষণ করা।

ছ) তহবিল ব্যবস্থাপনা ও বিনিয়োগ সুপারিশ কমিটির সুপারিশক্রমে ব্যবস্থাপনা পরিচালক ব্যাংক/সরকারি আর্থিক প্রতিষ্ঠানে একবারে সর্বোচ্চ ১০.০০ (দশ) কোটি টাকা পর্যন্ত FDR রাখতে পারবেন।

জ) কোনো ব্যাংক/সরকারি আর্থিক প্রতিষ্ঠানে একবারে সর্বোচ্চ ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বে FDR রাখার প্রয়োজন হলে, সেক্ষেত্রে পরিচালনা বোর্ডের পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে।

ঝ) FDR রাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/ সরকারি আর্থিক প্রতিষ্ঠানের Credit Rating এবং CAMELS Rating এর মান বিবেচনায় সমপর্যায়ভুক্ত হলে বেশী Rate প্রদানকারী ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া।

৩। কোন ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান হতে FDR হিসেবে তহবিল সংগ্রহের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশিকা অনুসরণীয় হবে-

ক) ব্যাংকের তহবিল সংকট দূরীকরণার্থে/ ব্যাংকের প্রয়োজন মেটাতে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অন্য যে কোন ব্যাংক/সরকারি আর্থিক প্রতিষ্ঠান হতে যথাসম্ভব কম হার সুদে FDR হিসেবে যে কোনো পরিমাণ তহবিল সংগ্রহ করতে পারবেন। তবে এক্ষেত্রে চেয়ারম্যান মহোদয়কে অবহিত করতে হবে।


চলমান পাতা-০২



=০২=

- ৪। ত্রৈমাসিক ভিত্তিতে উক্তরূপে FDR রাখা এবং FDR সংগ্রহের বিষয়টি পরিচালনা বোর্ডের পরবর্তী সভায় অবহিত করতে হবে।
- ৫। তহবিল ব্যবস্থাপনা ও বিনিয়োগ সুপারিশ কমিটির সুপারিশক্রমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ১.০০ (এক) লক্ষ টাকার গুণিতকের যেকোনো পরিমাণ সরকারি ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ডে বিনিয়োগ করতে পারবেন।
- ৬। বাস্তবতার নিরীখে সময়ে সময়ে এ নীতিমালাটি Review করা যাবে।

অনুমোদনক্রমে


৩০.০১.২০২৪ ইং


মোঃ আলীম
সহকারী মহাব্যবস্থাপক
ফোন-০২-৪৮৩১৯৭৫২

সূত্র নং-১/১১/২১৭/ ৪৩৬৪

তারিখঃ ৩০ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ।
৫. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা প্রধান, শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬. সংশ্লিষ্ট নথি/মহানথি।


৩০.০১.২০২৪

মোঃ মাইনুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার
ফোন-০২-৪৮৩১৩১৪৭
ই-মেইল:avubacc@gmail.com